



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প”  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
E-mail: [igaprojectbd@gmail.com](mailto:igaprojectbd@gmail.com)



স্মারক নং- ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭(অংশ-২)-০০২

তারিখঃ ০২/০১/২০২২ খ্রিঃ।

**বিষয়: আইজিএ প্রকল্পের অফিস সহায়কদের ডিসেম্বর-২০২১ মাসের হাজিরার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**  
সূত্র নং-মহামান্য হাইকোর্টের ১৩/০২/২০১৯, ২৯/০৭/২০১৯ ও ০১/০৮/২০১৯ তারিখের আদেশ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে আউটসোর্সিং পদ্ধতিতে ইতোপূর্বে নিয়োজিত অফিস সহায়কদের ডিসেম্বর-২০২১ মাসের হাজিরা হাইকোর্টের আদেশ মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অফিস সহায়কের ডিসেম্বর-২০২১ মাসের হাজিরা কর্মরত প্রশিক্ষকদের স্বাক্ষরে ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিস্বাক্ষর ক্রমে আইজিএ প্রকল্পের ই-মেইল [igaprojectbd@gmail.com](mailto:igaprojectbd@gmail.com) - তে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ হাজিরা কোনভাবে গ্রহণযোগ্য হবেনা। যে সকল উপজেলার অফিস সহায়ক মার্চ-২০১৯ হতে নভেম্বর-২০২১ মাস পর্যন্ত অনুপস্থিত ছিল তাদের ডিসেম্বর-২০২১ মাসের হাজিরার প্রত্যয়ন প্রেরণের প্রয়োজন নেই।

০২। উল্লেখ্য, এ বিষয়ে আদালতে মামলা চলমান আছে বিখ্যাত হাজিরার বিষয়ে সতর্কতার সাথে তথ্য প্রদানের জন্য এবং কোন অফিস সহায়ক কর্মস্থলে অনুপস্থিত থাকলে অথবা কর্মরত না থাকলে এই বিষয়টি প্রকল্প কার্যালয়ের ই-মেইলের মাধ্যমে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো। আগামী ০৬/০১/২০২২ তারিখের মধ্যে হাজিরা প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের মধ্যে যে সকল উপজেলার অফিস সহায়কদের হাজিরা প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ না করবেন সকল উপজেলার হাজিরা প্রতিবেদনে বিলম্বের সুস্পষ্ট কারণ উল্লেখ করতে হবে। তাছাড়া বিলম্বে প্রেরণকৃত উপজেলা সমূহের অফিস সহায়কদের বেতন ভাতা পরিশোধ করা হবেনা।

০৩। অফিস সহায়কদের হাজিরার প্রত্যয়ন সংশ্লিষ্ট অফিসের দাপ্তরিক ই-মেইল থেকে প্রেরণের জন্য বলা হলো। মোবাইলে ছবি তোলা হাজিরা কোন ভাবেই গ্রহণ করা হবেনা এবং হাজিরা প্রত্যয়নের সাথে হাজিরা খাতার কপি সংযুক্ত করে দিতে হবে।

০৪। বিষয়টি অতীব জরুরী।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)  
মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।  
..... উপজেলা.....জেলা।

  
(মো: তরিকুল আলম)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫১৩৮১২৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপ-পরিচালক/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।